

Ex/BANGLA/UG/6.4/75/2019

কলাস্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেস্টার)

সাম্মানিক বাংলা

বাংলাদেশের সাহিত্য

কোর্স : ইউ.জি. - ৬.৪

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. প্রাবন্ধিক আবু জাফর শামসুদ্দীন বাঙালির আত্মপরিচয়ের যে সূত্রগুলি উল্লেখ করেছেন তা বিশ্লেষণ করো।
১০
অথবা
২. ভাষা-সংস্কারের নামে তৎকালীন পূর্ব-পাকিস্তানে কীভাবে বাঙালিচেতনার বিকৃতি ঘটানো হয়েছিল – পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও।
১০
৩. সৈয়দ ওয়ালীউল্লাহ-এর 'লালসালু' উপন্যাসকে কী ক্ষমতার আখ্যান হিসেবে পড়া যায়? যুক্তিসহ তোমার মতামত দাও।
অথবা
৪. সৈয়দ ওয়ালীউল্লাহ-এর 'লালসালু' উপন্যাসে পারিবারিক ও সামাজিক পরিসরে মজিদের প্রথম স্ত্রী রহিমার অবস্থানকে ঔপন্যাসিক কেন ঐভাবে দেখাতে চান তা আলোচনা করো।
১০

(Turn over)

(2)

৫. হাসান আজিজুল হকের 'ঘর গেরস্থি' গল্পের সমাপ্তিতে 'ঘর' ও 'গৃহস্থালি' সবই লোপাট হয়ে যায়। ফলত গল্পের নামটি কার্যত হয়ে ওঠে নির্মম ঠাট্টা। গল্পটির বিষয়ে এই বিচার কি তুমি মেনে নেবে? যুক্তিসহ লেখো। ১০

৬. 'মৌন নয়' গল্পের তুঙ্গমূহুর্তে প্রকট হয়ে ওঠে একটি চিৎকার। এবং সেই চিৎকারের ধরন স্পষ্ট করে দেয় এটি একটি রাজনৈতিক আখ্যান। শতকত ওসমানের গল্প সম্পর্কে এই মন্তব্যের সঙ্গে তুমি কি একমত হবে? যুক্তিসহ লেখো। ১০

অথবা

৭. বাংলাদেশে কবিতায় বাঙালির আত্মসত্তা নির্মাণের যে অভিজ্ঞান উঠে এসেছে তার পরিচয় দাও। ১০

৮. মুক্তিযুদ্ধের পরে স্বপ্নভঙ্গের কথা রুদ্র মুহম্মদ শহিদুল্লাহের কবিতায় কীভাবে ধরা পড়েছে তা আলোচনা করো।